


# ইয়ার ১০-এর শিক্ষার্থীদের জন্য মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা

## গুরুত্বপূর্ণ তথ্য ২০২৪

## স্কুলে টিকা নেয়ার জন্য অনলাইনে সম্মতি দেয়া যাবে

পিতামাতা এবং অভিভাবকরা তাদের সন্তানের নিয়মিত স্কুল টিকাদানের জন্য অনলাইনে সম্মতি প্রদান করতে পারেন, যখন তাঁদের সন্তান ইয়ার ১০-এ থাকবে।

**আপনার যা যা দরকার হবেঃ**

১. আপনার সার্ভিস নিউ সাউথ ওয়েলস এর লগ ইন বৃত্তান্ত

২. আপনার এবং আপনার সন্তানের মেডিকেয়ার কার্ড নম্বর (যদি আপনাদের উভয়ের একটি থাকে)

৩. ২০২৪ সালে আপনার সন্তান যে মাধ্যমিক স্কুলে যাচ্ছে, তার বৃত্তান্ত।

নিউ সাউথ ওয়েলস স্কুল টিকাদান কর্মসূচি সম্পর্কিত আরও তথ্যের জন্য health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটটি দেখুন।

অনলাইনে সম্মতি প্রদানের জন্য https://engage.health.nsw.gov.au/engage ওয়েবসাইটটি দেখুন।

**আরও তথ্য**

# মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা

Meningococcal ACWY vaccination

## বাবা মায়েদের জন্য তথ্যপত্র

**NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।**

আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা দেওয়াতে চান, তাহলে অনুগ্রহ করে অনলাইনে আপনার সম্মতি প্রদান করুন অথবা আপনার স্কুল থেকে একটি ছাপানো সম্মতি পত্র চেয়ে নিন।
- আপনি যদি আপনার সন্তানকে মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা দেওয়াতে না চান, তাহলে সম্মতি প্রদান করবেন না।

### প্রশ্ন। স্কুল ভ্যাকসিনের জন্য আমি কীভাবে সম্মতি দেব?

অনলাইনে সম্মতি দেয়ার জন্যঃ

1. আপনার সার্ভিস নিউ সাউথ ওয়েলস-এর লগ-ইন বৃত্তান্ত
2. আপনার এবং আপনার সন্তানের মেডিকেয়ার কার্ডের নম্বর (যদি আপনাদের উভয়ের একটি থাকে)

- যদি আপনার এবং আপনার সন্তানের মেডিকেয়ার কার্ড না থাকে, তাহলেও আপনি ছাপানো একটি সম্মতি ফরম চেয়ে নিয়ে সম্মতি দিতে পারেন (স্কুল থেকে অনুরোধক্রমে নেয়া যাবে)।

### প্রশ্ন। আমি কি সম্মতি প্রত্যাহার করে নিতে পারি?

ভ্যাকসিন দেয়ার আগে বাবা-মায়েরা যেকোনো সময়ে সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন।

যেখানে অনলাইনে সম্মতি প্রদান করা হয়েছে, সেখানে অনুগ্রহ করে নিউ সাউথ ওয়েলস হেলথ এর নিরাপদ অনলাইন কনসেন্ট পোর্টালে লগ-ইন করে সম্মতি প্রত্যাহারের জন্য নির্দেশাবলী অনুসরণ করুন।

যেখানে ছাপানো ফরমে সম্মতি দেয়া হয়েছে, সেখানে অনুগ্রহ করে শিক্ষার্থীর নাম, স্কুল গ্রেড এবং কোন্ কোন্ ভ্যাকসিনগুলোর ক্ষেত্রে সম্মতি প্রত্যাহার করে নেয়া হচ্ছে তা স্কুলকে লিখিতভাবে কিংবা ফোন করে জানিয়ে দিন।

### প্রশ্ন। মেনিঞ্জোকক্কাল রোগ কী?

মেনিঞ্জোকক্কাল রোগ একটি বিরল কিন্তু মারাত্মক সংক্রমণ যা সাধারণত মেনিনজাইটিস (মস্তিষ্ক এবং মেরুদণ্ডের আবরণে প্রদাহ) এবং/ অথবা সেপটিসিমিয়ায় (রক্তে বিষক্রিয়া)

রূপ নিতে পারে। মেনিঞ্জোকক্কাল রোগের সুনির্দিষ্ট কোনো লক্ষণ নাও দেখা দিতে পারে, তবে তা হতে পারে হঠাৎ জ্বর হওয়া, মাথা ব্যথা, ঘাড় টান টান হয়ে যাওয়া, অস্থিসন্ধিতে ব্যথা, লালচে-বেগুনি রঙের ফুসকুড়ি, উজ্জ্বল আলো সহ্য না হওয়া, বমি হওয়া কিংবা বমির ভাব হওয়া।

যথাযথ অ্যান্টিবায়োটিক নিলেও শতকরা ১০ ভাগ পর্যন্ত মেনিঞ্জোকক্কাল সংক্রমণ প্রাণঘাতী হতে পারে, এবং যারা সেরে ওঠে তাদের দীর্ঘমেয়াদী জটিলতা দেখা দিতে পারে।

### প্রশ্ন। মেনিঞ্জোকক্কাল রোগ কীভাবে ছড়ায়?

মেনিঞ্জোকক্কাল ব্যাকটেরিয়া নাক ও গলার পেছনের দিকের লালার মাধ্যমে একজন থেকে আরেকজনে ছড়ায়। এজন্য সাধারণত যে ব্যক্তি ব্যাকটেরিয়া বহন করছেন তাঁর সাথে ঘনিষ্ঠ ও দীর্ঘ সময় সংস্পর্শের প্রয়োজন হয়। যিনি ব্যাকটেরিয়া বহন করছেন তিনি সাধারণত সম্পূর্ণ সুস্থ। 'ঘনিষ্ঠ ও দীর্ঘ সংস্পর্শের' একটি উদাহরণ হল একই বাড়ীতে অবস্থান করা কিংবা বেশ ঘনিষ্ঠ (গভীর) চুম্বন। মেনিঞ্জোকক্কাল ব্যাকটেরিয়া অত সহজে একজন থেকে আরেকজনে ছড়ায় না এবং এটি মানব দেহের বাইরে তেমন একটা বেঁচে থাকতে পারে না।

### প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

### প্রশ্ন। মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা কেমন কার্যকরী?

মেনিঞ্জোকক্কাল এসিডব্লিউওয়াই এর সমন্বিত টিকাটি এই চার ধরণের মেনিঞ্জোকক্কাল রোগের বিরুদ্ধে খুবই কার্যকরী সুরক্ষা দেয়। এই টিকা মেনিঞ্জোকক্কাল বি রোগের বিরুদ্ধে সুরক্ষা দেয় না।

### কাদের ভ্যাকসিন নিতে হবে?

মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর, এবং ইনটেনসিভ ইংলিশ সেন্টারে অংশগ্রহণকারী ১৫-১৯ বছর বয়সী সকল শিক্ষার্থীদের মেনিঞ্জোকক্কাল সেরোগ্রুপ A, C, W এবং Y এর বিরুদ্ধে সুরক্ষার জন্য এই টিকা দিতে হবে

### প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

মেনিঞ্জোকক্কাল এসিডব্লিউওয়াই এর টিকা তাদেরকে দেওয়া যাবে না, যাদের নিম্নোক্তভাবে অ্যানাফিল্যাক্সিস হয়েছিলঃ

- ইতিপূর্বে মেনিঞ্জোকক্কাল এর টিকা নেওয়ার পর
- যেকোনো টিকা নেওয়ার পর

যাদের ডিপথেরিয়া টক্সয়েড এর প্রতি তীব্র সংবেদনশীলতা রয়েছে তাদেরকেও মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা দেওয়া উচিৎ হবে না।

### প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে।

যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা খুব কমই ঘটে। স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

### প্রশ্ন। আমার সন্তান কি ইতিমধ্যেই মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা নেয়নি?

২০১৮ সালের জুলাই থেকে ১২ মাস বয়সী শিশুদের জন্য মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা জাতীয় টিকাদান কর্মসূচীতে অন্তর্ভূক্ত করা হয়েছে। আপনার সন্তান হয়তো এর আগে মেনিঞ্জোকক্কাল C (সি) এর টিকা নিয়ে থাকবে যা কেবল মেনিঞ্জোকক্কাল C রোগের বিরুদ্ধে সুরক্ষা দেয়।

অল্প কিছু সংখ্যক শিক্ষার্থী যাদের বিশেষ একটি শারীরিক অবস্থা (যেমন প্লীহাহীনতা কিংবা রোগ প্রতিরোধ ক্ষমতার অভাব) রয়েছে তাদেরকে হয়তো এর আগে এই টিকা দেওয়া হয়ে থাকবে। যদি তাই হয়, তাহলে আপনার সন্তানের প্রতিরোধ-বর্ধক (বুস্টার) নেওয়ার সময় হলে অনুগ্রহ করে আপনার জিপি কিংবা বিশেষজ্ঞের সাথে এ সম্পর্কে আলোচনা করুন।

### প্রশ্ন। আমার সন্তান ইতিমধ্যেই মেনিঞ্জোকক্কাল C এর টিকা নিয়েছে – সেক্ষেত্রে কি মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা নেওয়া নিরাপদ হবে?

অধিকাংশ শিশুই ছোট অবস্থায় মেনিঞ্জোকক্কাল সি এর টিকা নিয়ে থাকবে।

কোনো কোনো দেশে কৈশোরে একটি বুস্টার নেওয়ার পরামর্শ দেওয়া হয়, এবং এই ACWY টিকা মেনিঞ্জোকক্কাল সি এর বিরুদ্ধে বুস্টার হিসেবে কাজ করার পাশাপাশি মেনিঞ্জোকক্কাল এ, ডব্লিও এবং ওয়াই এর বিরুদ্ধে সুরক্ষা দেবে। কিছু কিছু শিশু No Jab, No Pay (নো জ্যাব, নো পে) কর্মসূচীর আওতায় ২০১৫-২০১৮ সালে বকেয়া টিকা নেয়ার অংশ হিসেবে মেনিঞ্জোকক্কাল সি এর এক ডোজ টিকা পেয়ে থাকবে। এখন মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা নেওয়া নিরাপদ। সব ধরণের মেনিঞ্জোকক্কাল রোগের বিরুদ্ধে সম্পূর্ণ সুরক্ষার জন্য ডোজগুলোর মধ্যে অন্তত ৪ সপ্তাহের বিরতি দেওয়া ভাল।

### প্রশ্ন। এই টিকা নেওয়ার অন্য কারণগুলো কী কী?

যে সকল মানুষ হজ পালনসহ এমন কোনো ভ্রমণের পরিকল্পনা করছে যেখানে মেনিঞ্জোকক্কাল রোগের সংস্পর্শে আসার ঝুঁকি বেশি, তাদের জন্যও এই টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয়। নির্দিষ্ট কিছু পেশাজীবী যেমন মাইক্রোবায়োলজি ল্যাবরেটরিতে কর্মরত লোক, এবং বিশেষ শারীরিক অবস্থা, যেমন যাদের প্লীহা নেই তাদের জন্যও এই টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয়।

### প্রশ্ন। মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকায় কী কী সংমিশ্রণ (অ্যাডিটিভ) আছে?

এই ভ্যাকসিনে ট্রোমিটামল, সুক্রোজ, এবং সোডিয়াম ক্লোরাইড থাকতে পারে। ভ্যাকসিনটিকে কার্যকারী রাখতে কিংবা প্রিজারভেটিভ হিসেবে এই অ্যাডিটিভগুলো খুব অল্প পরিমাণে দেওয়া হয়ে থাকে।

### প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

### প্রশ্ন। মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী?

পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সচরাচর মৃদু হয় এবং সাধারণত জ্বর, মাথাব্যাথা, মাথা ঘোরা, ব্যথা, ফুলে যাওয়া, ইঞ্জেকশনের জায়গায় ফুলে যাওয়া কিংবা লালচে ভাব দেখা দেয়। ইঞ্জেকশনের জায়গার প্রতিক্রিয়াগুলো সাধারণত ২ থেকে ৩ দিনের মধ্যে সেরে যায়। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া ঘটে খুবই কদাচিৎ।

www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে।

বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

### প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সুচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা/অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

### প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যে ঔষধই নিক না কেন, তাকে মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

### প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

যদি স্কুলের টিকা বাদ পড়ে যায়, তাহলে যত দ্রুত সম্ভব বাদ পড়া টিকাটি নিয়ে নেয়া উচিত। টিকার ব্যবস্থা করার জন্য বাবা মায়েদেরকে তাদের স্থানীয় জিপি কিংবা ফার্মাসিস্টের সাথে যোগাযোগ করতে হবে।

### প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে servicesaustralia.gov.au/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

### প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং MyGov ওয়েবসাইটে দেখা যায়।

### প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইটে www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

Bangla

# মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকা দেওয়ার সম্মতি

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ __ __ / __ __ / 2 0 __ __

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি মেনিঞ্জোকক্কাল ACWY এর টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সম্পর্কে দেয়া তথ্য পড়েছি এবং বুঝেছি।

এতদ্দ্বারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে মেনিঞ্জোকক্কাল ACWY এর ১ ডোজ টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্রে) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

ইমেইল ঠিকানা

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

মেনিঞ্জোকক্কাল ACWY টিকার রেকর্ড

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে
(এই বৃত্তান্তগুলো অবশ্যই মেডিকেয়ার কার্ডে দেয়া বৃত্তান্তের সাথে মিলতে হবে।)

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

## **পিতামাতা/অভিভাবকদের জন্য** মেনিঞ্জোকক্কাল ACWY টিকার রেকর্ড

### মেনিঞ্জোকক্কাল ACWY টিকার রেকর্ড

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ / __ __ __ __

### টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

### ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন